



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ



২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ে করণীয়

- যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত সাপ্তাহিক সূচি (সংযুক্তি-১) অনুযায়ী শ্রেণিকক্ষে সরাসরি পাঠদানের ব্যবস্থা নিতে হবে। এর পাশাপাশি চলমান অনলাইনে পাঠদান কার্যক্রম অব্যাহত থাকবে;
- ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে ওরিয়েন্টেশনের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ৪ (চার) বছর মেয়াদি একাডেমিক ক্যালেন্ডার (সংযুক্তি-২) সম্পর্কে সম্যকভাবে অবহিত করতে হবে। কলেজের পক্ষ থেকে একাডেমিক ক্যালেন্ডারের একটি কপি প্রত্যেক শিক্ষার্থীর নিকট হস্তান্তর করতে হবে;
- কোভিড-১৯ জনিত অতিমারীর কারণে সৃষ্ট সেশনজট নিরসনে কোর্সভূক্ত প্রতিটি বিষয়ে বর্ষওয়ারী ক্লাস শুরু ও শেষ, ফর্ম পূরণ, পরীক্ষা শুরু ও শেষ এবং ফলাফল প্রকাশের তারিখ উক্ত একাডেমিক ক্যালেন্ডারে সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। এতে সেশনজট কমিয়ে আনতে বছরে ১৯৫ দিন শ্রেণী কার্যকাল নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী চলমান সেশনে ভর্তিকৃত ১ম বর্ষের শিক্ষার্থীরা ডিসেম্বর ২০২৪ এর মধ্যে অনার্স ডিগ্রী সম্পন্ন করতে সক্ষম হবে;
- অধ্যয়নরত শিক্ষার্থীরা যাতে ডিগ্রী অর্জনের পাশাপাশি কর্মমুখী শিক্ষা গ্রহণ করতে পারে সে লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;
- পরীক্ষায় প্রশ্নপত্র প্রণয়নে ক্রিটিক্যাল থিংকিং-এর মূল্যায়নের ওপর গুরুত্বারোপ করা হবে;
- গাইড বই পরিহার করে মূল পাঠ্যবই পড়তে হবে এবং এর পাশাপাশি সিলেবাস অনুযায়ী প্রাসঙ্গিক রেফারেন্স বই/গ্রন্থপঞ্জী এবং এতদসম্পর্কিত মানসম্মত একাডেমিক জার্নাল পাঠ করতে হবে;
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যাতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ই-রিসোর্স (বর্তমানে ১১০০০ ই-বুক ও ই-জার্নাল রয়েছে এবং আগামীতে এর পরিধি পর্যায়ক্রমে বৃদ্ধি পাবে)-এ remote access পেতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। শিক্ষার্থীদের পাঠদানের জন্য অধিভুক্ত কলেজ/স্ব-স্ব বিষয়ের কোর্স শিক্ষকগণ যাতে ই-বুক ও ই-জার্নালের কপি অনলাইনে ডাউনলোড করে প্রিন্ট করতে পারেন সে সুযোগ রয়েছে;
- বিজ্ঞানের শিক্ষার্থীদের নিয়মিতভাবে ল্যাব ব্যবহার নিশ্চিত করতে হবে;
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের চলমান অন-লাইন শিক্ষা কার্যক্রমের আওতায় <https://onlinelecture.nu.ac.bd> লিংকে আপলোডকৃত বিষয়ভিত্তিক ভিডিও লেকচারগুলো নিয়মিতভাবে দেখার জন্য শিক্ষার্থীদেরকে উৎসাহিত করতে হবে। এর পরবর্তী পর্যায়ে প্রথিতযশা বিষয় বিশেষজ্ঞদের মডেল লেকচার ধারণ করে উপর্যুক্ত লিংকে আপলোড করা হবে;
- অনলাইন ও শ্রেণিকক্ষে পাঠক্রম ও পাঠ্যসূচিভিত্তিক লেখাপড়ার পাশাপাশি সহপাঠ কার্যক্রম যেমন-বিতর্ক, সাহিত্য, সাংস্কৃতিক কর্মকান্ড, ক্রীড়া ইত্যাদির চর্চা চালিয়ে যেতে হবে। শিক্ষার্থীদেরকে রোভার স্কাউটস ও বিএনসিসি কার্যক্রমে আরো বেশি সম্পৃক্ত করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতাসমূহে শিক্ষার্থীদের অংশগ্রহণের মাধ্যমে তাদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ করে দিতে হবে;
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল সেবা যথাসময়ে পেতে প্রতিটি শিক্ষার্থীর একটি নিজস্ব ই-মেইল আইডি ও মোবাইল ফোন নম্বর থাকা আবশ্যিক;
- কোভিডকালীন পরিস্থিতিতে শিক্ষার্থীদের মনোবল ধরে রাখা এবং তাদের মানসিক স্বাস্থ্যের বিষয়টি গুরুত্ব দিয়ে নিয়মিত কাউন্সেলিং এর ব্যবস্থা করতে হবে;
- শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সময়ে সময়ে প্রণীত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে উদ্বুদ্ধ করতে হবে।



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ



শ্রেণিকক্ষে পাঠদানের সাপ্তাহিক সূচি

সংযুক্তি-১

১ম বর্ষ স্নাতক (সম্মান) ২য় বর্ষ স্নাতক (সম্মান) ৩য় বর্ষ স্নাতক (সম্মান)	৪র্থ বর্ষ স্নাতক সম্মান প্রিলিমিনারী টু মাস্টার্স মাস্টার্স	স্নাতক (পাস) ১ম বর্ষ স্নাতক (পাস) ২য় বর্ষ স্নাতক (পাস) ৩য় বর্ষ	১ম বর্ষ স্নাতক (সম্মান) ২য় বর্ষ স্নাতক (সম্মান) ৩য় বর্ষ স্নাতক (সম্মান)	৪র্থ বর্ষ স্নাতক সম্মান প্রিলিমিনারী টু মাস্টার্স মাস্টার্স	স্নাতক (পাস) ১ম বর্ষ স্নাতক (পাস) ২য় বর্ষ স্নাতক (পাস) ৩য় বর্ষ
---	---	--	---	---	--

প্রতি সপ্তাহে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম:

গুচ্ছ-১

একাডেমিক প্রোগ্রাম	ক্লাস অনুষ্ঠানের দিনসমূহ
১ম বর্ষ স্নাতক (সম্মান)	শনি, মঙ্গল
২য় বর্ষ স্নাতক (সম্মান)	শনি, মঙ্গল
৩য় বর্ষ স্নাতক (সম্মান)	শনি, মঙ্গল

গুচ্ছ-২

একাডেমিক প্রোগ্রাম	ক্লাস অনুষ্ঠানের দিনসমূহ
৪র্থ বর্ষ স্নাতক সম্মান	রবি, বুধ
প্রিলিমিনারী টু মাস্টার্স	রবি, বুধ
মাস্টার্স	রবি, বুধ

গুচ্ছ-৩

একাডেমিক প্রোগ্রাম	ক্লাস অনুষ্ঠানের দিনসমূহ
স্নাতক (পাস) ১ম বর্ষ	সোম, বৃহস্পতি
স্নাতক (পাস) ২য় বর্ষ	সোম, বৃহস্পতি
স্নাতক (পাস) ৩য় বর্ষ	সোম, বৃহস্পতি